ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র




# রোজদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে





ROSEDIN ● Vol. - 2 ● Issue - 154 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৬ ● সংখ্যা ঃ ১৫৪ ● কলকাতা ● ২৪ জৈষ্ঠ, ১৪৩৩ ● সোমবার ● ০৮ জুন ২০২৬ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

# হোল্ডিং স্টেশন থেকে সরাসরি ৪৮০০ জনকে ওপারে পাঠিয়েছি, বাকীদেরও পাঠানো হবে: মুখ্যমন্ত্রী



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ক্ষমতায় এসেই বাংলাদেশিদের তাদের দেশে পাঠানোর কথা বলেছিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। ওইসব বিদেশি নাগরিকদের দেশে ফেরানোর জন্য জেলায় জেলায় হোল্ডিং সেন্টার তৈরি কথা জানিয়েছিলেন মুখ্যমন্ত্রী। রবিবার নিউটাউনে এক অনুষ্ঠানে শুভেন্দু অধিকারী বলেন, সীমান্ত বেড়া দেওয়ার জন্য বিএসএফকে ১০০ কিমি জমি ইতিমধ্যেই হস্তান্তর করা হয়েছে।

ক্ষমতায় আসার পর আগামী ২২ জুন রাজ্য বাজেট পেশ করতে চলেছে নতুন সরকার। মুখ্যমন্ত্রী বলেন, আগামী ২২ জুন বাজেটে একবছরের ঘোষণা হবে। তিন দিন প্রতিটা ব্লক ও বরো-তে জনকল্যান শিবির ১৫, ১৬, ১৭ তারিখ হবে। ২০ জুন পশ্চিমবঙ্গ দিবস পালিত হবে। প্রধানমন্ত্রী তারকেশ্বরে থাকবেন ওই দিন।। ২১ তারিখ বিশ্ব যোগা দিবস সরকারি উদ্যোগে পালিত হবে। ১৯ তারিখ হাফ ম্যারাথন হবে। ২১ তারিখ প্রধানমন্ত্রী থাকবেন।। রাজ্যেও আয়ূষ দফতর খুলতে চলেছি।ডিপোর্ট করার কাজ নিয়ম মেনেই শুরু হয়েছে। সরাসরি হোল্ডিং স্টেশন থেকে ৪৮০০ জনকে ওপারে পাঠানো হয়েছে। বাকীদেরও পাঠানো হবে। এটা আমাদের অগ্রাধিকার।

রাজ্যে শুরু হচ্ছে জনগণনা।

এরপর ৩ পাতায়






পর্ব 313

## হিমালয়ের সমর্পণ যোগ



ধ্যানী ব্যক্তিও প্রকৃতির সঙ্গে থাকতে থাকতে প্রকৃতির সমান হয়ে যায় আর তারাও সব অসমানতার ঊর্ধ্বে তাদের চিন্তা রাখে, বাআপনা আপনি এই প্রক্রিয়া ঘটে যায়।

অনেকদিন আমি সমাজ থেকে দূরে ছিলাম, সেইজন্য এক বিচ্ছিন্নতা নিজের মধ্যে অনুভব হচ্ছিল এবং প্রকৃতির সান্নিধ্যই ভাল লাগছিল,

ক্রমশঃ

# ক্যানিংয়ে রক্তদান শিবিরে রক্তদাতাদের 'পদ্ম উপহার'



**নুরসেলিম লস্কর, ক্যানিং**

রাজ্যজুড়ে চলা তীব্র গরম ও দাবদাহের জেরে একদিকে যেমন সাধারণ মানুষের নাজেহাল অবস্থা, তেমনই দেখা দিয়েছে চরম রক্তের সংকট। আর এই গ্রীষ্মকালে রক্তদান শিবিরের সংখ্যা কমে যাওয়ায় থ্যালাসেমিয়া রোগী থেকে শুরু করে গর্ভবতী মহিলা সহ বহু রোগীর জন্য প্রয়োজনীয় রক্ত সংগ্রহ করা কঠিন হয়ে পড়ছে রাজ্যের ব্লাড ব্যাংক গুলির । আর এই পরিস্থিতিতে এবার মানবিক উদ্যোগ নিয়ে এগিয়ে এল প্রত্যন্ত সুন্দরবনের এক স্বেচ্ছাসেবী সংগঠন ।

রবিবার সকালে সুন্দরবন স্নেহাশীষ সেবা কেন্দ্রের উদ্যোগে এবং ক্যানিং পশ্চিম বিজেপির সহযোগিতায় সুন্দরবনের প্রবেশদ্বার ক্যানিংয়ে আয়োজিত হয় একটি স্বেচ্ছায় রক্তদান শিবির। আর এদিনের এই শিবিরে এলাকার বহু মানুষ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন এবং কয়েকশো রক্তদাতা রক্তদান করেন বলে আয়োজকদের দাবি। আর এদিনের এই রক্তদান শিবিরের অন্যতম আকর্ষণ ছিল রক্তদাতাদের অভিনব প্রন্থায় সম্মান জানানো। রক্তদানের মতো মহৎ কাজে উৎসাহ বাড়াতে প্রত্যেক রক্তদাতার হাতে দেশের জাতীয় ফুল 'পদ্ম' তুলে দেওয়া হয়। যার ফলে এই অভিনব উদ্যোগে রক্তদাতাদের মধ্যে বিশেষ সাড়া ফেলে।

আর জুরুরীকালীন ভিত্তিতে আয়োজন করা এদিনের এই রক্তদান শিবির সম্পর্কে আয়োজকদের বক্তব্য, বর্তমান রক্ত সংকট মোকাবিলায় সমাজের সকল স্তরের মানুষের এগিয়ে আসা প্রয়োজন। রক্তদান শুধু একটি মানবিক কাজই নয়, এটি অসংখ্য মানুষের জীবন বাঁচানোর অন্যতম মাধ্যম। সেই লক্ষ্যেই ভবিষ্যতেও এ ধরনের সামাজিক কর্মসূচি চালিয়ে যাওয়ার পরিকল্পনা রয়েছে বলেও জানানো হয়েছে।' সেই সঙ্গে এদিন রক্তদাতাদের উপস্থিতি ও উৎসাহে শিবির সফল হওয়ায় খুশি আয়োজকরা। আর এদিনের এই শিবিরে রক্তদাতাদের উৎসাহ দিতে উপস্থিত ছিলেন বিজেপি নেতা সঞ্জয় নায়েক, বিকাশ সরদার, সুব্রত পাল, পবিত্র পাত্র সহ সুন্দরবন স্নেহাশীষ সেবা কেন্দ্রের কর্ণধার ধনপতি নস্কর ও সমাজের আরো বিশিষ্ট ব্যক্তিবর্গরা।আর উপস্থিত অথিতিরা এদিন একযোগে বললেন, "মানবতার সেবায় এই উদ্যোগ আগামী দিনে আরও বেশি মানুষকে রক্তদানে উদ্বুদ্ধ করবে বলেই আশাবাদী সকলেই।"

# ফালাকাটায় চালু সাজেশন বক্স সরাসরি মন্ত্রীর কাছে পৌঁছাবে জনমত

**হরেকৃষ্ণ মন্ডল,ফালাকাটা**

এলাকার উন্নয়নমূলক কর্মকাণ্ডে সাধারণ মানুষের অংশগ্রহণ নিশ্চিত করতে নতুন উদ্যোগ নিলেন ফালাকাটার বিধায়ক তথা রাজ্যের মন্ত্রী দীপক বর্মন। জনগণের মতামত,অভিযোগ, দাবি-দাওয়া ও উন্নয়ন সংক্রান্ত পরামর্শ সরাসরি গ্রহণের লক্ষ্যে ফালাকাটায় চালু করা হয়েছে সাজেশন বক্স।




এই উদ্যোগের মাধ্যমে এলাকার বাসিন্দারা বিভিন্ন জনস্বার্থমূলক বিষয়, নাগরিক সমস্যা এবং উন্নয়ন সংক্রান্ত প্রস্তাব লিখিত আকারে জমা দিতে পারবেন। সংশ্লিষ্ট সূত্রে জানা গিয়েছে, জমা পড়া প্রতিটি মতামত ও অভিযোগ গুরুত্ব সহকারে পর্যালোচনা করা হবে এবং প্রয়োজন অনুযায়ী উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণে সেগুলিকে বিবেচনা করা হবে।

এরপর ৩ পাতায়

# তৃণমূল ভবন খালি না করায় থানার পথে মন্টু সাহা!



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

তৃণমূল ভবন ঘিরে নতুন বিতর্ক। চুক্তির মেয়াদ শেষ হওয়ার পরও দলীয় কার্যালয় খালি না হওয়ায় এবার সরাসরি থানার দ্বারস্থ হতে চলেছেন বাড়ির মালিক মন্টু সাহা। বহু বছর তৃণমূলের ঘনিষ্ঠ হিসেবে পরিচিত এই ব্যবসায়ীর এমন পদক্ষেপ রাজনৈতিক মহলে জোর চর্চার জন্ম দিয়েছে।

২০২১ সালের বিধানসভা নির্বাচনের পর তপসিয়ার পুরনো তৃণমূল ভবন ভেঙে নতুন আধুনিক পার্টি অফিস তৈরির কাজ শুরু হয়। সেই সময় সাময়িকভাবে বাইপাস সংলগ্ন মেট্রোপলিটনের একটি বহুতলে দলীয় কার্যালয় স্থানান্তরিত করা হয়েছিল। ওই ভবনের মালিক মন্টু সাহা, যিনি দীর্ঘদিন ধরে তৃণমূলের বিভিন্ন কর্মসূচির সঙ্গে যুক্ত ছিলেন।

মন্টু সাহার দাবি, অফিস ব্যবহারের জন্য যে চুক্তি হয়েছিল তার মেয়াদ ২০২৫ সালেই শেষ হয়েছে। কিন্তু নির্ধারিত সময় পেরিয়ে গেলেও এখনও পর্যন্ত ভবনটি খালি করা হয়নি। ফলে তিনি নিজের সম্পত্তি ফেরত পেতে প্রশাসনিক পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন।

রবিবার সকালে ছেলে অমিত সাহাকে সঙ্গে নিয়ে মেট্রোপলিটনের ওই কার্যালয়ে যান মন্টুবাবু। সেখানে দায়িত্বপ্রাপ্ত কারও সঙ্গে দেখা করার চেষ্টা করলেও সফল হননি বলে অভিযোগ। পরিবারের দাবি, নিরাপত্তারক্ষীরা তাঁদের বাইরে

এরপর ৩ পাতায়

(২ পাতার পর)

# ফালাকাটায় চালু সাজেশন বক্স সরাসরি মন্ত্রীর কাছে পৌঁছাবে জনমত

মন্ত্রী দীপক বর্মন জানান, একটি এলাকার সার্বিক উন্নয়ন তখনই সম্ভব যখন সাধারণ মানুষের মতামত ও প্রয়োজনকে গুরুত্ব দেওয়া হয়।সেই লক্ষ্যেই এই উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মানুষের কাছ থেকে সরাসরি প্রাপ্ত পরামর্শ ও অভিযোগের ভিত্তিতে বিভিন্ন সমস্যার সমাধান এবং উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কার্যকর পদক্ষেপ নেওয়া হবে বলেও তিনি আশ্বাস দেন।সাজেশন বক্সে মতামত জমা দেওয়ার জন্য নির্দিষ্ট ফরমে নাম, ঠিকানা ও যোগাযোগের তথ্য উল্লেখ করে নিজের বক্তব্য লিখতে হবে।এরপর সেই ফরম নির্ধারিত বক্সে জমা দিলেই তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে পৌঁছে যাবে।উদ্যোগটিকে স্বাগত জানিয়েছেন এলাকার বাসিন্দারা। তাঁদের মতে,এর ফলে সাধারণ মানুষের বক্তব্য আরও সহজে জনপ্রতিনিধি ও প্রশাসনের কাছে পৌঁছাবে। পাশাপাশি জনমতের ভিত্তিতে উন্নয়ন পরিকল্পনা গ্রহণের সুযোগ তৈরি হবে এবং প্রশাসন ও জনগণের মধ্যে পারস্পরিক যোগাযোগ আরও শক্তিশালী হবে।

(১ম পাতার পর)

# হোল্ডিং স্টেশন থেকে সরাসরি ৪৮০০ জনকে ওপারে পাঠিয়েছি, বাকীদেরও পাঠানো হবে: মুখ্যমন্ত্রী

এনিয়ে মুখ্যমন্ত্রী বলেন, সেনসাসের কাজ আমরা শুরু করেছি। আগামী ১ অগাষ্ট থেকে বাড়ি বাড়ি গিয়ে গণানার কাজ শুরু হবে। এবারের জনগননা ডিজিটালি করা যাবে। জাতি জনগণনাও হবে।

বিগত সরকারের লক্ষীর ভান্ডারের পরিবর্তে রাজ্য চালু হয়েছে অন্নপূর্ণা ভান্ডার। যারা লক্ষ্মীর ভান্ডার পাচ্ছেন তারা ফর্ম ফিলআপ করলে অন্নপূর্ণা ভান্ডার পেয়ে যাবেন। গত বুধবার থেকে সেই টাকা দেওয়ার কাজ শুরু করেছে। মুখ্যমন্ত্রী এদিন বলেন, অন্নপূর্ণা যোজনার টাকা ট্রান্সফার শুরু হয়েছে।। ৩ লক্ষ পুরুষ লক্ষীর ভান্ডার নিত। কৃষ্ঞনগর এ একটা ব্লক থেকেই ২১৩ জন পুরুষ লক্ষীভান্ডার নিত। আমরা ডাটা ব্যাঙ্ক তৈরি করছি। ব্রিগেড প্যারেড ময়দানকে এবার জেল বানাতে হবে। যেখানে হাত দেবেন পচা দুর্গন্ধ বের হচ্ছে।

# আগামিকাল মন্ত্রীদের দফতর বণ্টন করতে পারেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



'আজ না কাল, কাল না পরশু' করতে করতে অনেক দিন হয়ে গেল। গত ১ জুন শপথ নিলেও, রাজ্যের প্রথম বিজেপি সরকারের নতুন ৩৫ জন মন্ত্রী এখনও কে কোন দফতরের দায়িত্ব সামলাবেন, তা স্পষ্ট হয়নি। জল্পনা আরও জোরালো হয় যখন হঠাৎই দিল্লি উড়ে যান মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এবং বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। তবে কি দিল্লির সবুজ সংকেত মিলল? সূত্রের খবর, সমস্ত জল্পনার অবসান ঘটিয়ে কাল, সোমবার মন্ত্রীদের দফতর বণ্টন চূড়ান্ত করতে পারেন মুখ্যমন্ত্রী। গত ১ জুন, সোমবার লোক ভবনে রাজ্যপাল আরএন রবির উপস্থিতিতে জাঁকজমকপূর্ণ অনুষ্ঠানের মধ্য দিয়ে শুভেন্দু অধিকারীর মন্ত্রিসভার বাকি ৩৫ জন সদস্য শপথ গ্রহণ করেন। 'বন্দে মাতরম' এবং জাতীয় সঙ্গীতের মাধ্যমে শুরু হওয়া সেই

এরপর ৫ পাতায়

(২ পাতার পর)

# তৃণমূল ভবন খালি না করায় থানার পথে মন্টু সাহা!

অপেক্ষা করতে বলেন, কিন্তু কোনও সিদ্ধান্তমূলক আলোচনা হয়নি।

অমিত সাহা জানিয়েছেন, ভবনের রক্ষণাবেক্ষণও ঠিকমতো হচ্ছে না। পাশাপাশি তাঁদের ব্যবসায়িক প্রয়োজনেও জায়গাটি দ্রুত প্রয়োজন। একাধিকবার অনুরোধ করার পরও কোনও সুরাহা না হওয়ায় সোমবার থানায় সাধারণ ডায়েরি (জিডি) করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

একসময় তৃণমূলের বিভিন্ন গুরুত্বপূর্ণ অনুষ্ঠান, ২১ জুলাইয়ের মঞ্চ থেকে শুরু করে একাধিক দলীয় কর্মসূচির অন্যতম আয়োজক ছিলেন মন্টু সাহা। রাজনৈতিক মহলে তিনি দলঘনিষ্ঠ ব্যবসায়ী হিসেবেই পরিচিত ছিলেন। সেই কারণেই অতীতে এই ভবনটি দলীয় কাজে ব্যবহারের জন্য দেওয়া হয়েছিল বলে জানা যায়।

তবে ক্ষমতার পালাবদলের পর পরিস্থিতি বদলেছে বলেই মনে করছেন রাজনৈতিক পর্যবেক্ষকদের একাংশ। বিরোধীদের অভিযোগ, অতীতে বিভিন্ন সরকারি প্রকল্প ও অনুষ্ঠানের কাজের বরাত পাওয়ার বিনিময়ে এই সহযোগিতা হয়েছিল। যদিও সেই অভিযোগ বরাবরই অস্বীকার করেছেন মন্টু সাহা। উল্টে তাঁর দাবি, একাধিক কাজের যথাযথ পারিশ্রমিকও তিনি পাননি। এমনকি একটি ইফতার অনুষ্ঠানের বিপুল অঙ্কের পাওনা এখনও বকেয়া রয়েছে বলেও অভিযোগ করেছেন তিনি।

এখন নজর সোমবারের দিকে। থানায় জিডি দায়ের হলে তৃণমূল ভবন সংক্রান্ত এই বিরোধ কোন দিকে মোড় নেয় এবং দল কী অবস্থান নেয়, সেটাই রাজনৈতিক মহলের প্রধান আলোচ্য বিষয় হয়ে উঠেছে।

## সম্পাদকীয়

### রাষ্ট্রসংঘের 'মিলিটারি জেন্ডার অ্যাডভোকেট অফ দ্য ইয়ার' পুরস্কারে ভূষিত হওয়ায় মেজর অভিলাষা বারাককে অভিনন্দন জানালেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ মেজর অভিলাষা বারাককে ‘ইউএন মিলিটারি জেন্ডার অ্যাডভোকেট অফ দ্য ইয়ার’ পুরস্কারে ভূষিত হওয়ায় অভিনন্দন জানিয়েছেন। প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে, মেজর বারাক লেবাননে রাষ্ট্রসংঘের অন্তর্বর্তীকালীন বাহিনীতে (ইউএনআইএফআইএল) ‘এনগেজমেন্ট টিম কমান্ডার’ এবং ‘জেন্ডার ফোকাল পয়েন্ট’ হিসেবে দায়িত্ব পালন করছেন।

শ্রী মোদী বলেন, এই সম্মান তাঁর দৃষ্টান্তমূলক পরিষেবার পাশাপাশি রাষ্ট্রসংঘের শান্তিরক্ষা কর্মসূচিতে ভারতের দীর্ঘদিনের অবদানেরই স্বীকৃতি।

প্রধানমন্ত্রী আরও বলেন, তাঁর এই সাফল্য অসংখ্য তরুণ ভারতীয়ের জন্য - বিশেষ করে দেশের সেইসব কন্যার জন্য - এক অনুপ্রেরণা, যারা দেশ ও মানবতার সেবায় নিজেদের নিয়োজিত করতে চায়।

প্রধানমন্ত্রী এক্স-এ পোস্ট করেছেন:

"‘ইউএন মিলিটারি জেন্ডার অ্যাডভোকেট অফ দ্য ইয়ার’ পুরস্কারে ভূষিত হওয়ায় মেজর অভিলাষা বারাককে অভিনন্দন। মেজর বারাক লেবাননে রাষ্ট্রসংঘের অন্তর্বর্তীকালীন বাহিনীতে (ইউএনআইএফআইএল) ‘এনগেজমেন্ট টিম কমান্ডার’ এবং ‘জেন্ডার ফোকাল পয়েন্ট’ হিসেবে দায়িত্ব পালন করছেন। এই সম্মান তাঁর দৃষ্টান্তমূলক পরিষেবার পাশাপাশি রাষ্ট্রসংঘের শান্তিরক্ষা কার্যক্রমে ভারতের দীর্ঘদিনের অবদানেরই স্বীকৃতি। তাঁর এই সাফল্য অসংখ্য তরুণ ভারতীয়ের জন্য - বিশেষ করে আমাদের কন্যাদের জন্য - এক অনুপ্রেরণা, যারা দেশ ও মানবতার সেবায় নিজেদের নিয়োজিত করতে চায়।"

## বিপদে পড়লে স্মরণ করো রক্ষা করবে ব্রহ্মচারী বাবা লোকনাথ





**মৃত্যুঞ্জয় সরদার**

**(দ্বিতীয় পর্ব)**

ফলে আমি ঈশ্বরের অস্তিত্বের প্রমাণ পেয়ে গিয়েছি”। ভূত, জ্বিন, প্রেতাত্মা ইত্যাদির সাক্ষাৎ দর্শন পেয়েছেন, বা রাতের অন্ধকারে গায়েবি আওয়াজ শুনতে পেয়েছেন এমন মানুষের সংখ্যা মোটেও কম নয়। আমার অনেক বন্ধুই আছে যারা আমাকে অলৌকিক সব ঘটনার কাহিনী শোনায় এবং জিজ্ঞাসা করে, ‘এর কি কোনো ব্যাখ্যা তোমার কাছে আছে?’ সব মিরাকলের ব্যাখ্যা খুঁজতে যাওয়াটা সময় ও শ্রমের অপচয়। কিন্তু তারপরও কিছু মিরাকলের ব্যাখ্যা খুঁজে যেতে হয়। কোনো মিরাকল ঘটার পর সেটাকে এমন একটি সত্তার অস্তিত্বের প্রমাণ

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

## দলবিরোধী কাজে বিধায়ককেও রেওয়াত নয়', সাফ বার্তা শমীকের, সাসপেন্ডেড ৩ বিজেপি নেতা



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ক্ষমতায় আসার পর বিভিন্ন স্তরের নেতাদের বিরুদ্ধে অনৈতিক বা দল বিরোধী কাজের অভিযোগ আসছে। তা নিয়ে ফের দলের রুদ্ধদ্বার বৈঠকে সতর্কবার্তা বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্যের। সাফ জানালেন, দল বিরোধী কাজের অভিযোগ উঠলে বিধায়কদেরও রেয়াত করা হবে না। এরপরই দলবিরোধী কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে দমদম উত্তর সাংগঠনিক এলাকায় তিন নেতাকে অনির্দিষ্টকালের জন্য সাসপেন্ড করা হয়েছে বলে খবর।এদিন বৈঠকে উপস্থিত দলের কেন্দ্রীয় পর্যবেক্ষক সুনীল বনশল শমীকের কথার রেশ ধরেই বলেন, “এগুলো কেন বারবার রাজ্য সভাপতি কে আপনাদের বলতে হচ্ছে? আপনারা উপলব্ধি করুন।” এরপরই বিজেপির শৃঙ্খলারক্ষা কমিটির সুপারিশে এবং রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্যের নির্দেশে সাসপেন্ড করা হয়েছে নিউ বারাকপুর ১ নম্বর মণ্ডলের সভাপতি তিতু সরকার, সহ-সভাপতি তীর্থ মিত্র এবং উত্তর শহরতলি সাংগঠনিক জেলার

এরপর ৫ পাতায়

## ন্যায় কর্মফলদাতা শনিদেব



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

দেহ থেকে প্রাণবায়ু নির্গত হয় সীমাহীন কষ্টভোগের মাধ্যমে। ছায়ানন্দনের কুকুরের পিঠে চড়ে বাড়িতে আগমন ঘটলে সেই সময় গৃহে নানান রকমের অশান্তি ও ভয়ভীতির সৃষ্টি হয়। একই সঙ্গে হয় চুরি।

**ক্রমশঃ**


## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

(৩ পাতার পর)

# আগামিকাল মন্ত্রীদের দফতর বণ্টন করতে পারেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী

অনুষ্ঠানে স্বয়ং মুখ্যমন্ত্রী উপস্থিত ছিলেন এবং মন্ত্রীদের নাম ঘোষণা করেন মুখ্যসচিব মনোজ আগরওয়াল। এই সম্প্রসারণের পর রাজ্যে বিজেপি সরকারের মোট মন্ত্রিসভার সদস্য সংখ্যা দাঁড়িয়েছে ৪১।

উল্লেখ্য, এর আগে গত ৯ মে ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিয়েছিলেন শুভেন্দু অধিকারী। সেদিন তাঁর সঙ্গে আরও পাঁচ জন মন্ত্রী— অগ্নিমিত্রা পাল, দিলীপ ঘোষ, নিশীথ প্রামাণিক, অশোক কীর্তনিয়া এবং ক্ষুদিরাম টুডু শপথ নেন এবং তাঁদের দফতর ইতিমধ্যেই বণ্টিত হয়ে গিয়েছে।

১ জুন, সোমবার যে ৩৫ জন সদস্য শপথ নিয়েছিলেন, তাঁদের দায়িত্ব বণ্টন হতে পারে আজই। দেখে নিন কারা তাঁরা...

**১. পূর্ণমন্ত্রী (১৩ জন)**

তাপস রায় (মানিকতলা)
মনোজ ওরাওঁ (কুমারগ্রাম)
অর্জুন সিং (নোয়াপাড়া)
গৌরীশঙ্কর ঘোষ (মুর্শিদাবাদ)
দীপক বর্মণ (ফালাকাটা)
শারদ্বত মুখোপাধ্যায় (বিধাননগর)
অরূপকুমার দাস (কাঁথি দক্ষিণ)
স্বপন দাশগুপ্ত (রাসবিহারী)
জগন্নাথ চট্টোপাধ্যায় (সিউড়ি)
কল্যাণ চক্রবর্তী (খড়দহ)
শঙ্কর ঘোষ (শিলিগুড়ি)
অজয় পোদ্দার (কুলটি)
দুধকুমার মণ্ডল (ময়ূরেশ্বর)

**২. স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী (৩ জন)**

মালতি রাভা রায় (তুফানগঞ্জ)
রাজেশ মাহাতো (গোপীবল্লভপুর)
ইন্দ্রনীল খাঁ (বেহালা পশ্চিম)

**৩. প্রতিমন্ত্রী (১৯ জন)**

অশোক দিন্দা (ময়না)
কৌশিক চৌধুরী (রায়গঞ্জ)
জুয়েল মুর্মু (হবিবপুর)
হরেকৃষ্ণ বেরা (তমলুক)
শান্তনু প্রামাণিক (ভগবানপুর)
মৌমিতা বিশ্বাস মিশ্র (বর্ধমান দক্ষিণ)
উমেশ রাই (হাওড়া উত্তর)
পূর্ণিমা চক্রবর্তী (শ্যামপুকুর)
ভাস্কর ভট্টাচার্য (শ্রীরামপুর)
দিবাকর ঘরামি (সোনামুখী)
নাদিয়ারচাঁদ বাউড়ি (পারা)
গার্গী দাস ঘোষ (কান্দি)
অমিয় কিস্কু (নয়াগ্রাম)
কলিতা মাজি (আউশগ্রাম)
বিরাজ বিশ্বাস (করণদিঘি)
সুমনা সরকার (বলাগড়)
আনন্দময় বর্মণ (মাটিগাড়া-নকশালবাড়ি)
বিশাল লামা (কালচিনি)
দীপঙ্কর জানা (কাকদ্বীপ)

এখন সোমবারের দিকে চাতক পাখির মতো চেয়ে আছেন নতুন এই মন্ত্রীরা। কার কপালে কোন গুরুত্বপূর্ণ মন্ত্রক জোটে, এখন সেটাই দেখার।

(৪ পাতার পর)

# দলবিরোধী কাজে বিধায়ককেও রেওয়াত নয়', সাফ বার্তা শমীকের, সাসপেন্ডেড ৩ বিজেপি নেতা

সম্পাদক নিত্য মিত্রকে। দলীয় চিঠিতে বলা হয়েছে, নির্বাচনের পর ভয়ভীতি প্রদর্শন, হুমকি এবং দলীয় কর্মীদের মারধর-সহ একাধিক দলবিরোধী কর্মকাণ্ডে তাঁদের নাম উঠে এসেছে। স্থানীয় সূত্রের খবর, গত কয়েক মাস ধরেই সাংগঠনিক প্রভাব বিস্তার ও নেতৃত্বের প্রশ্নে একাধিক গোষ্ঠীর মধ্যে টানাপোড়েন চলছিল। নির্বাচনের পর সেই দ্বন্দ্ব আরও প্রকট হয়ে ওঠে। সম্প্রতি দলীয় কর্মীদের মধ্যে সংঘর্ষ ও মারধরের অভিযোগও সামনে আসে। তারই প্রেক্ষিতে এই সাংগঠনিক পদক্ষেপ বলে মনে করছে রাজনৈতিক মহল।রবিবার বিজেপির বৈঠকে পার্টি অফিস দখল, গেরুয়া রং করে দেওয়া, তোলাবাজি নিয়ে ফের সতর্ক করলেন শমীক। বললেন, সবার গতিবিধি পার্টির নজরে। শমীক এও বলেন, “অনেকে আছেন যারা এইসব কাজে মদত দিচ্ছেন। বিধায়করাও যদি এই ধরনের কাজে যুক্ত থাকে তাহলে তাদের কেও রেওয়াত করা হবে না। ৫-৭ জন বিধায়ককে বের করে দিলেও দলের কোনও সমস্যা হবে না। পার্টিতে যা ইচ্ছা করা যাবে না, তৃণমূলী সংস্কৃতি চলবে না।” বাড়ি দখল, জমি দখল, শিল্পপতিদের বিরক্ত করা, এসব বরদাস্ত করা যাবে না বলে কড়া বার্তা শমীকের। এছাড়াও, জয়ী হওয়া বিরোধী দলের বিধায়কদের বাড়ির সামনে গিয়ে স্বঘোষিত দলের নেতারা লাফালাফি করছে, সেটাও ঠিক হচ্ছে না বলে সতর্ক করে দিয়েছেন শমীক ভট্টাচার্য।

# টানা সাতদিন চলবে ব্যাপক ঝড়-বৃষ্টি! সোমে দক্ষিণবঙ্গে ভারী বর্ষণের পূর্বাভাস: আগামীকালের আবহাওয়া

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বাড়ছে গরম, রাজ্যে বর্ষার প্রবেশ হয়নি এখনও। তবে তার আগেই ফের তুমুল বৃষ্টির পূর্বাভাস রাজ্যে। ভিজবে দক্ষিণবঙ্গের একাধিক জেলা। উত্তরবঙ্গেও রয়েছে বৃষ্টির সম্ভাবনা। আবহাওয়া দপ্তর বলছে বজ্রবিদ্যুৎ-সহ ঝড়-বৃষ্টির কারণে কিছুটা অস্বস্তি কমবে দক্ষিণবঙ্গে। আগামীকাল কেমন থাকবে রাজ্যের জেলাগুলির আবহাওয়া? জেনে নিন।




সমানে তাপমাত্রা বাড়ছে দক্ষিণবঙ্গে। এরই মধ্যে আবহাওয়া দপ্তরের পূর্বাভাস টানা ভিজতে পারে দক্ষিণবঙ্গ। রাত পোহালে বাংলাজুড়ে ঝড়-বৃষ্টির তীব্রতা আরও বাড়তে পারে বলে পূর্বাভাস আলিপুর আবহাওয়া অফিসের। সোমবারের জন্য একাধিক জেলায় সতর্কতাও জারি করেছে আবহাওয়া অফিস।

আগামীকাল বৃষ্টি হতে পারে নদীয়া, উত্তর ও দক্ষিণ ২৪ পরগণা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলায়। এই সমস্ত জেলায় বজ্রবিদ্যুৎ-সহ ভারী ঝড়-বৃষ্টির সম্ভাবনা রয়েছে। বৃষ্টির সঙ্গে এই সমস্ত

এরপর ৬ পাতায়

# ভারত সীমান্তে আচমকা ৬০ হাজার বিজিবি সদস্য মোতায়েন তারেক সরকারের

স্টাফ রিপোর্টার, রোজদিন

ঢাকা: শুভেন্দু অধিকারী মুখ্যমন্ত্রী হওয়ার পরেই বাংলায় থাকা অনুপ্রবেশকারীদের কড়া বার্তা দিয়েছেন। অবৈধভাবে বাংলাদেশ থেকে এপার বাংলায় যারা এসে বসবাস করছেন তাঁদের দ্রুত নিজেদের দেশে ফিরতে যাওয়ার বার্তা দিয়েছেন মুখ্যমন্ত্রী। সেই নির্দেশের পরেই ভারত-বাংলাদেশ সীমান্তে আরও কড়া হয়েছে বিএসএফ।উল্লেখ্য, সীমান্তে এই উত্তাপের মধ্যেই ৮ থেকে ১১ জুন নয়াদিল্লিতে বিজিবি ও বিএসএফের শীর্ষ আধিকারিকদের মধ্যে বৈঠক হবে। চার দিনের এই বৈঠকে সীমান্ত পরিস্থিতি, অবৈধ পুশ ইন, সীমান্তে বাংলাদেশি নাগরিক হত্যা এবং সার্বিক সীমান্ত ব্যবস্থাপনা নিয়ে আলোচনা হবে বলে জানিয়েছে বিজিবি। সূত্রের খবর, ওই বৈঠকে বাংলাদেশের প্রতিনিধিদলের নেতৃত্ব দেবেন বিজিবির মহাপরিচালক আশরাফুজ্জামান সিদ্দিকী। প্রতিনিধিদলে থাকছেন বিজিবি-র অতিরিক্ত মহাপরিচালক ব্রিগেডিয়ার মোহাম্মদ সোহরাব হোসেন ভূঁইয়া, বিজিবি-র অতিরিক্ত মহাপরিচালক ও রংপুর অঞ্চলের কমান্ডার ব্রিগেডিয়ার এ এস এম নাসের, বিজিবি সদর দফতরের পরিচালক ও স্টাফ অফিসার লেফটেন্যান্ট কর্নেল মোহাম্মদ মোশারফ হোসেন, উপ-মহাপরিচালক ও কুমিল্লা সেক্টর কমান্ডার কর্নেল রাকিবুল হাসান, বিজিবি সদর দফতরের পরিচালক ও স্টাফ অফিসার লেফটেন্যান্ট কর্নেল মাসুদ পারভেজ রানা এবং বিজিবি



মহাপরিচালকের এডিসি ও উপ-পরিচালক ক্যাপ্টেন রফিক সালিহিন।পশ্চিমবঙ্গে অবৈধভাবে বসবাসকারী ও অনুপ্রবেশকারী বাংলাদেশিদের শনাক্ত করে নিজ দেশে ফেরত পাঠানোর (ডিপোর্টেশন) প্রক্রিয়া জোরদার করেছে রাজ্য প্রশাসন। বিভিন্ন জেলায় তৈরি হয়েছে আটক বা হোল্ডিং সেন্টার। এই আবহে সীমান্ত দিয়ে মহিলা ও শিশুসহ বিভিন্ন ব্যক্তিকে বাংলাদেশে ঠেলে পাঠানো (পুশ ইন) ঠেকাতে দেশের ২৬ জেলার সীমান্তে ৬০ হাজার বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সদস্য মোতায়েন করা হয়েছে।

সূত্রের খবর, এর আগে একসঙ্গে এত বিপুল সংখ্যক বিজিবি সদস্য সীমান্তে দায়িত্ব পালন করেননি। চারটি পর্যায়ে বিভক্ত হয়ে ২৪ ঘণ্টা ধরে সীমান্ত পাহারা দিচ্ছেন বিজিবি সদস্যরা। এমনকি সীমান্তরক্ষী বাহিনীকে এই কাজে স্থানীয় বাসিন্দারাও সাহায্য করছেন। বিজিবি জানিয়েছে, গত বুধবার (৩ জুন) থেকে শনিবার (৬জুন) পর্যন্ত চার দিনে বিএসএফের ২১টি পুশ ইনের চেষ্টা সফলভাবে প্রতিহত করা হয়েছে। অভিযোগ, ২০০ ব্যক্তিকে বাংলাদেশে ঠেলে পাঠানোর চেষ্টা করা হয়েছিল। শুভেন্দু অধিকারীর সরকারের এই সিদ্ধান্ত একেবারেই মেনে নিতে পারছে না তারেক রহমানের সরকার। বিজিবির ঊর্ধ্বতন কর্মকর্তারা জানিয়েছেন, ভারতের পাঁচটি রাজ্যের সঙ্গে সংযুক্ত বাংলাদেশের ২৬ জেলার বিভিন্ন সীমান্ত এলাকায় ৪ হাজার ৪৮৭ কিলোমিটার জুড়ে নজরদারি জোরদার করতে ৬০ হাজার বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সদস্য মোতায়েন করা হয়েছে। চুয়াডাঙ্গা, মেহেরপুর, যশোর, সাতক্ষীরা, কুষ্টিয়া, ঝিনাইদহ, ফেনী, মৌলভীবাজার, ময়মনসিংহ, নেত্রকোনা, লালমনিরহাট, কুড়িগ্রাম, খাগড়াছড়ি, ঠাকুরগাঁও, দিনাজপুর, জয়পুরহাট, কুমিল্লা, সিলেট, হবিগঞ্জ, সুনামগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, নীলফামারী, পঞ্চগড়, ব্রাহ্মণবাড়িয়া ও শেরপুর এলাকায় নজরদারি আরও জোরদার করা হয়েছে।

(৫ পাতার পর)

## টানা সাতদিন চলবে ব্যাপক ঝড়-বৃষ্টি! সোমে দক্ষিণবঙ্গে ভারী বর্ষণের পূর্বাভাস: আগামীকালের আবহাওয়া

জেলাগুলিতে ঝোড়ো হাওয়া বইতে পারে। আবহাওয়া দপ্তরের পূর্বাভাস, আগামী সপ্তাহ জুড়ে দক্ষিণবঙ্গের বেশ কয়েকটি জেলার কিছু অংশ ভিজতে পারে।

দক্ষিণবঙ্গের কলকাতা, হুগলি, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, পুরুলিয়া, বাঁকুড়া, পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ ও নদিয়া সর্বত্রই ভিজতে পারে। আবহাওয়া অফিস বলছে, বৃষ্টির জেরে বেশ কয়েকটি জেলায় কমতে পারে সামান্য তাপমাত্রাও। তবে সপ্তাহজুড়ে তাপমাত্রার বড়সড় পরিবর্তনের কোনও সম্ভাবনা নেই।

এদিকে ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে উত্তরবঙ্গে। আগামীকাল সোমবার উত্তরের আলিপুরদুয়ার এবং জলপাইগুড়ি জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনায় 'কমলা সতর্কতা' জারি রয়েছে। এ ছাড়া ভিজবে দার্জিলিং, কালিম্পং এবং কোচবিহার সহ বাকি গুলিও। ভারী বৃষ্টি হতে পারে দার্জিলিং, কালিম্পং এবং কোচবিহারে। পাশাপাশি বইতে পারে ঝোড়ো হাওয়া।

# সিনেমার খবর

## রণবীর সিংয়ের বিরুদ্ধে নিষেধাজ্ঞার 'দ্রুত সমাধান' চান মনোজ বাজপেয়ী

**স্টাফ রিপোর্টার, রোজদিন**




বলিউড অভিনেতা রণবীর সিংকে কেন্দ্র করে তৈরি হওয়া সাম্প্রতিক বিতর্ক নিয়ে এবার মুখ খুললেন বর্ষীয়ান অভিনেতা মনোজ বাজপেয়ী। ছবি থেকে আকস্মিক সরে দাঁড়ানোর অভিযোগে ফেডারেশন অব ওয়েস্টার্ন ইন্ডিয়া সিনেমা এমপ্লয়িজ (এফডব্লিউআইসিই) রণবীর সিংয়ের বিরুদ্ধে 'অসহযোগিতা'র নির্দেশ জারি করার পর থেকেই উত্তাল বি-টাউন।

নিজের আসন্ন ছবি 'গভর্নর'-এর ট্রেলার লঞ্চ অনুষ্ঠানে এই বিষয়ে প্রশ্ন করা হলে মনোজ বাজপেয়ী আশা প্রকাশ করেন যে, বিষয়টি খুব দ্রুত এবং সৌহার্দ্যপূর্ণভাবে মিটে যাবে। তিনি জানান, ফিল্ম ইন্ডাস্ট্রির বাকি পাঁচটা মানুষের মতোই তারাও এই বিষয়ে সমাজমাধ্যমের সূত্রেই জানতে পারছেন এবং বিস্তারিত কিছু তাদের জানা নেই। তবে সহকর্মী হিসেবে তারা এটাই চান, যেন জলদিই এই সমস্যার সমাধান হয়ে যায়।

মূলত পরিচালক ফারহান আখতারের করা একটি অভিযোগের ভিত্তিতেই সোমবার ফেডারেশনের পক্ষ থেকে রণবীর সিংয়ের বিরুদ্ধে এই কড়া পদক্ষেপ নেওয়া হয়েছে। এফডব্লিউআইসিই-এর প্রধান উপদেষ্টা অশোক পণ্ডিত এক সংবাদ সম্মেলনে জানান, গত এপ্রিল মাসে ফারহান আখতার রণবীরের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেছিলেন। অভিযোগে জানানো হয়েছিল, শুটিংয়ের জন্য ইউনিটের রওনা হওয়ার মাত্র তিন সপ্তাহ আগে আচমকাই 'ডন ৩' প্রজেক্ট থেকে নিজেকে সরিয়ে নেন রণবীর, যার ফলে প্রযোজক সংস্থাকে বিশাল ক্ষয়ক্ষতির মুখে পড়তে হয়। অভিযোগের বিষয়ে ফেডারেশনের পক্ষ থেকে রণবীরকে তিনবার আনুষ্ঠানিক নোটিশ পাঠানো হলেও তার পক্ষ থেকে কোনো জবাব না মেলাতেই শেষ পর্যন্ত এই বয়কটের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। যদিও এই পুরো বিতর্ক নিয়ে সরাসরি কোনো মন্তব্য না করে রণবীর সিংয়ের মুখপাত্রের তরফ থেকে একটি বিবৃতি জারি করা হয়েছে। সেখানে জানানো হয়েছে, চলচ্চিত্রজগতের সমস্ত কলাকুশলী এবং 'ডন' ফ্র্যাঞ্চাইজির প্রতি রণবীরের পূর্ণ শ্রদ্ধা রয়েছে। পেশাদার আলোচনা ও ব্যক্তিগত সম্পর্ককে সব সময় পরিপক্বতা এবং মর্যাদার সঙ্গে বজায় রাখতেই রণবীর এই বিষয়ে জনসমক্ষে কোনো কাদা ছোড়াছুড়ি না করে নীরবতা বজায় রাখার সিদ্ধান্ত নিয়েছেন। বেশ কিছু জল্পনা ছড়ালেও তিনি নিজের কাজেই মনোনিবেশ করতে চান এবং এই ফ্র্যাঞ্চাইজির সাফল্য কামনা করেন।

## বিশ্ব মা দিবসে অজানা কথা জানালেন লাবণী সরকার



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

প্রতি বছর মে মাসের দ্বিতীয় রোববার মা দিবস উদযাপন করা হয়। এই বিশেষ দিনে টালিউডের বর্ষীয়ান অভিনেত্রী লাবণী সরকার শেয়ার করে নিলেন তার জীবনে ঘটে যাওয়া অজানা গল্প— কীভাবে ১৩ বছরের ছেলের সঙ্গে তার বাঁধন তৈরি হলো?

লাবণী সরকার বলেন, কৌশিক আর আমার বৈবাহিক সম্পর্কে জড়ানোর নেপথ্যে ছিল আমার ছেলে। ঘেঁটু আমাদের মাঝে না থাকলে হয়তো সম্পর্ককে এভাবে গড়ব বলে ভাবতামই না।

তিনি বলেন, ওর ভালো নাম সুস্নাত। কিন্তু আমি যখন যেমন ইচ্ছা হয় সেই নামে ও ক ডাকি। যে নামেই ডাকি না কেন, ও ঠিক সাড়া দেয়। তখন ওর ১৩ বছর বয়স, যখন আমি ওদের জীবনে আসি।

এ অভিনেত্রী বলেন, আমার আর ঘেঁটুর সম্পর্কের মাঝে কৌশিক নেই। ১৩ বছরের শিশুকে যখন দেখেছিলাম, মনে হয়েছিল ওর জীবনে সত্যিই মায়ের দরকার। রক্তের সম্পর্কই যে আসল, এ ভাবনায় আমি কোনো দিনই বিশ্বাসী নই। তাই কোনো দিনই মনে হয়নি, আবার নতুন কাউকে আনব।

লাবণী সরকার বলেন, একটা কথাই বারবার ভাবতাম, যে শিশু মায়ের আদর-ভালোবাসা থেকে বঞ্চিত, তাকেই নিজের সবটা দিয়ে বড় করি। শুধু আমার গর্ভজাত সন্তান নয় বলে নতুন কাউকে আনব, আবার তাকে বঞ্চিত করে দেব? আমি কোনো দিনই তথাকথিত পথে হাঁটার ভাবনায় নিজেকে তৈরি করিনি। তাই আমার জীবনও আর পাঁচজনের মতো চেনা ছকে এগোয়নি।


অভিনেত্রী বলেন, আমরা কোনো দিন আলাদা করে মাতৃদিবস পালন করিনি। ১৩ বছর বয়স থেকে ছেলের আমার সঙ্গে একটা বন্ধুত্ব গড়ে ওঠে। ও সবসময় আমাকে বলে এসেছে— ওর সব সিদ্ধান্তে যেন আমি পাশে থাকি। ওকে বড় করার ক্ষেত্রে তাই মাথার চেয়ে হৃদয়কেই বেশি প্রাধান্য দিয়েছিলাম আমি। প্রকৃতিগতভাবে আমার মধ্যে যে মাতৃত্ববোধ আছে, সেটা ব্যবহার করেছিলাম। চেয়েছিলাম ও যেন সৎপথে নিজের মতো বড় হয়। আর ওর মধ্যে যে একটা শূন্যতা আছে, সেটা টের পেয়েছিলাম।

লাবণী সরকার বলেন, কৃষ্ণের জীবনেও তো দুই মা ছিল। একজন জন্মদাত্রী, অন্যজন যিনি কৃষ্ণকে বড় করেছিলেন। আসলে এ বিষয় নিয়ে মানুষের মধ্যে অনেক আবেগ রয়েছে। কিন্তু বাস্তবে যদি এমন কোনো ঘটনা চোখের সামনে হয়, তাহলে সেটা সমালোচনার বিষয় হয়ে দাঁড়ায়। তবে আমি কখনো এসব নিয়ে ভাবিনি।

তিনি বলেন, অনেকটা পথ পেরিয়ে এসেছি আমরা। এখন ও-ই আমার বাবা। আমার বড় আশ্রয়ের জায়গা। আমি শুধু ওরই 'মাম্মাম'। এত বছর পর এসে একটাই কথা উপলব্ধি করেছি— ১৩ বছরের শিশুটা আমাকে এত ভালোবাসা দিয়ে আগলে না নিলে হয়তো সম্পর্কগুলো এভাবে তৈরি হতো না।

## সোনম কাপুরের ব্যতিক্রমী উদ্যোগ, আপত্তি জানালেন প্রতিবেশীরা

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



এ মুহূর্তে দুই সন্তানকে নিয়ে লন্ডনে রয়েছেন বলিউড অভিনেত্রী সোনম কাপুর। তিন বছর আগে নটিং হিলে প্রায় ২৭০ কোটি টাকার বিনিময়ে একটি বিলাসবহুল বাড়ি কিনেছিলেন অভিনেত্রী। তবে এবার জানা গেল, নিজেদের বাড়ির কাছে ৫১.৪ কোটি টাকা দিয়ে আরও পাঁচটি ফ্ল্যাট কিনেছেন তিনি। যেখানে নিজেদের কর্মচারীদের থাকার ব্যবস্থা করেছেন অভিনেত্রী। তবে সোনমের এ পদক্ষেপ মোটেও ভালো চোখে দেখেননি ওই আবাসনের আশপাশের অন্য বাসিন্দারা।

জানা গেছে, যে পাঁচটি ফ্ল্যাট কেনা হয়েছে, সেটি নটিং হিলসংলগ্ন এলাকায়। তবে আশপাশের প্রতিবেশীদের অভিযোগ— তারকা দম্পতি নাকি ওই ফ্ল্যাটগুলোকে সামাজিক আবাসনে পরিণত করবেন বলে জানিয়েছেন। আর তাতেই আপত্তি জানিয়েছেন অন্য ফ্ল্যাটের বাসিন্দারা।

সামাজিক শ্রেণি বৈষম্যের পাশাপাশি ফ্ল্যাটের পরিবেশ খারাপ হবে বলে আশঙ্কা করেছেন তারা। প্রতিবেশীদের মধ্যে একজন অভিযোগ করে বলেছেন, যদি এখানে তথাকথিত সামাজিক আবাসন থেকে লোকজন আসেন, তাহলে পরিস্থিতি খারাপ হবে। গোটা জায়গাটা নোংরা হয়ে যাবে। অনেকেই থাকেন না এখানে, কিছু ফ্ল্যাট সংস্কার করা হচ্ছে। কিন্তু আমাদের না জানিয়ে যে সিদ্ধান্ত নেওয়া হয়েছে, তা একেবারেই গ্রহণযোগ্য নয়।

আরেকজন দাবি করে বলেছেন, শুধু প্রভাবশালী বলে অন্য বাসিন্দাদের মনে ভয়ের আবহ তৈরি করে দেওয়া হচ্ছে, যাতে কেউ মুখ না খোলে। যে সুন্দর প্রতিবেশী সুলভ পরিবেশ সবাই মিলে তৈরি করেছিলেন, সেটি বদলে যাচ্ছে। কিছু ধনকুবের আবাসনকে নিজেদের খেলার মাঠ বানাতে চাওয়ায় পরিস্থিতি অন্যরকম হয়ে যাচ্ছে। এরপর যদি পরিচারকদের সেখানে এনে রাখা হয়, তাহলে পরিস্থিতি আরও বদলে যাবে বলে মনে করছেন বাসিন্দারা।

তবে আবাসনের বাসিন্দাদের তরফ থেকে এত অভিযোগ আনার পরও অভিনেত্রীর তরফ থেকে কোনো মন্তব্য শোনা যায়নি।

সোনম কাপুর ও আনন্দ আহুজার পরিচয় হয় সাধারণ বন্ধুদের মাধ্যমে এবং শোনা যায়, তাদের মধ্যে প্রথম সাক্ষাতেই দারুণ সখ্যতা গড়ে ওঠে। প্রথম সাক্ষাতের মাত্র এক মাস পরেই আনন্দ সোনমকে বিয়ের প্রস্তাব দেন।

কিছু দিন প্রেম করার পর, এ জুটি ২০১৮ সালের ৮ মে এক জমকালো পাঞ্জাবি রীতিতে বিবাহবন্ধনে আবদ্ধ হন। ২০২২ সালে তাদের প্রথম সন্তান বায়ু নামে এক পুত্রসন্তানের জন্ম হয়। চলতি বছরের মার্চ মাসে এই দম্পতি তাদের দ্বিতীয় সন্তান রুদ্রলোখ কাপুর আহুজা নামে এক পুত্রসন্তানকে স্বাগত জানিয়েছেন।

# অভিষেকেই ৩ উইকেট মানব সুতারের, দ্বিতীয় দিনেও দাপট দেখাল ভারত!

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

**নিউ চণ্ডীগড়:** প্রথম দিনের শেষেই রানের পাহাড়ে ছিল ভারত। আজ শুধু রানের নয়, একই সঙ্গে যেন জয়ের সরণি খুঁজে পেয়েছেন ভারতীয় দল। প্রথম থেকেই যেন আফগানিস্তানকে নাকানি-চোবানি খাওয়াচ্ছেন ভারতীয় দল। অবশ্য এর জন্য দায়ী আফগানিস্তানই। প্রায় চার-পাঁচবার রিভিউ না নিলে এর খেসারত তো দিতেই হবে।

গতকালের পর আজও একই ভুল আফগানদের। শুভমানের প্যাডে বল লাগলেও এলবিডব্লিউ নেননি আফগান বোলাররা। পরে দেখা যায়, বল স্টাম্পে লাগছিল। অর্থাৎ, এলবিডব্লিউ নিলে নিশ্চিত আউট ছিলেন শুবমান। দিন শেষে ভারত ৫৬৪/৮ স্কোরে ইনিংস ডিক্লেয়ার করে। ১২৬ রান করেছেন ভারত অধিনায়ক। ঋষভ পন্থের ক্ষেত্রেও



রিভিউ না নেওয়ার খেসারত দিতে হয়েছে আফগান অধিনায়ককে। এমনকি রহমানউল্লাহ গুরবাজকে প্রশ্ন করতে দেখা যায় শাহিদীকে। প্রথম ইনিংসে ৮১ রান করলেন ঋষভ। ওয়াশিংটন সুন্দরও করেছেন ৫০ রান। এর ফলেই ৫৬৪ রানের বিশাল স্কোর তুলেছে ভারত।

জবাবে ব্যাট করতে নেমে শুরু থেকেই উইকেট হারাতে শুরু করে আফগানিস্তান। দুই ওপেনার আব্দুল মালিক ও সাদিকউল্লাহ আতাল বড় রান করতে পারেননি। আব্দুল করেছেন ১৮ বলে ১৬ ও আতাল করেছেন ২৭ বলে ১৭ রান। তিনে নেমে ব্যর্থ গুরবাজও (১২)। অধিনায়ক শাহিদী ২০ রান করেছেন। তবে ৪৩ রানে অপরাজিত রয়েছেন রহমত শাহ। দিন শেষে আফগানিস্তানের স্কোর ৫ উইকেট হারিয়ে ১১৩ রান। এখনও প্রায় ৪৫১ রানে পিছিয়ে আফগানরা। অভিষেক টেস্টেই ৩ উইকেট নিয়েছেন মানব সুতার। ১৬ ওভার বল করে ২১ রানে ৩ উইকেট পেয়েছেন মানব। ২টি উইকেট পেয়েছেন প্রসিদ্ধ কৃষ্ণা।

এই টেস্ট যেহেতু ওয়ার্ল্ড টেস্ট চ্যাম্পিয়নশিপের অংশ নয়, তাই এই টেস্ট ম্যাচেই ভারতীয় দলের কাছে সুযোগ রয়েছে জয়ে ফেরার। এখনও বাকি ৩ দিন। চূড়ান্ত কিছু অঘটন না ঘটলে এই টেস্ট থেকে ভারতের জয় আসা স্রেফ সময়ের অপেক্ষা ।

## অলরাউন্ডার র‍্যাঙ্কিংয়ের শীর্ষে ফিরলেন ম্যাথিউস



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ইংল্যান্ডের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজে ব্যাট ও বল হাতে প্রত্যাশা পূরণ করতে না পারায় নারী টি-টোয়েন্টি অলরাউন্ডারদের র‍্যাঙ্কিংয়ে শীর্ষস্থান হারিয়েছেন নিউজিল্যান্ড অধিনায়ক অ্যামেলিয়া কার। তাঁর জায়গা দখল করে আবারও এক নম্বরে উঠে এসেছেন ওয়েস্ট ইন্ডিজ তারকা হেইলি ম্যাথিউস।

নারী ক্রিকেটারদের সাপ্তাহিক হালনাগাদ র‍্যাঙ্কিং প্রকাশ করেছে আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল। নতুন তালিকায় অলরাউন্ডারদের বিভাগে ৪৮৩ রেটিং পয়েন্ট নিয়ে শীর্ষে আছেন ম্যাথিউস। অন্যদিকে ৪৭৮ পয়েন্ট নিয়ে দুই নম্বরে নেমে গেছেন কার।

ইংল্যান্ডের বিপক্ষে তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজে হতাশাজনক পারফরম্যান্স করেন নিউজিল্যান্ড অধিনায়ক। ব্যাট হাতে তিন ম্যাচে করেন যথাক্রমে ৮, ০ ও ৫ রান। বল হাতেও নিতে পেরেছেন মাত্র দুটি উইকেট। সিরিজে নিউজিল্যান্ড হেরেছে ২-১ ব্যবধানে।

এর আগে ২০২৩ সালের অক্টোবর থেকে চলতি বছরের মার্চ পর্যন্ত অলরাউন্ডার র‍্যাঙ্কিংয়ের শীর্ষে ছিলেন ম্যাথিউস। কারের অবনতির সুযোগে আবারও সিংহাসন ফিরে পেলেন ক্যারিবীয় এই ক্রিকেটার।


অলরাউন্ডারদের র‍্যাঙ্কিংয়ের শীর্ষ দশে আর কোনো পরিবর্তন হয়নি।

অন্যদিকে বোলারদের র‍্যাঙ্কিংয়ে বড় উন্নতি হয়েছে ইংল্যান্ডের বাঁহাতি স্পিনার লিনজি স্মিথের। ইংল্যান্ড-নিউজিল্যান্ড সিরিজে ছয় উইকেট নিয়ে সিরিজসেরা হওয়া এই স্পিনার ৩৮ ধাপ এগিয়ে ক্যারিয়ারসেরা দ্বিতীয় স্থানে উঠে এসেছেন।

বোলারদের তালিকায় শীর্ষস্থান ধরে রেখেছেন পাকিস্তানের সাদিয়া ইকবাল। শীর্ষ পাঁচে ইংল্যান্ডের তিনজন বোলার জায়গা করে নিয়েছেন। লিনজি স্মিথের পাশাপাশি তৃতীয় ও চতুর্থ স্থানে আছেন যথাক্রমে সোফি এক্লেস্টোন ও লরেন বেল।

ব্যাটারদের র‍্যাঙ্কিংয়ের শীর্ষ পাঁচে কোনো পরিবর্তন আসেনি। তালিকার প্রথম পাঁচ স্থানে রয়েছেন অস্ট্রেলিয়ার জর্জিয়া ভল ও বেথ মুনি, দক্ষিণ আফ্রিকার লরা উলভার্ট, ওয়েস্ট ইন্ডিজের হেইলি ম্যাথিউস এবং ভারতের স্মৃতি মান্ধানা।

## দক্ষিণ কোরিয়াকে বিশ্বকাপের সেমিফাইনালে নিতে চান সন



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ইতোমধ্যে তিনটি বিশ্বকাপে অংশ নেওয়ার অভিজ্ঞতা রয়েছে দক্ষিণ কোরিয়া অধিনায়ক সন হিউং-মিনের। এবার চতুর্থ বিশ্বকাপে নামার আগে বড় স্বপ্নের কথা জানিয়েছেন এই তারকা ফরোয়ার্ড, দলকে সেমি-ফাইনালে নিতে চান তিনি।

২০১৪ সালের ব্রাজিল বিশ্বকাপ দিয়ে তাঁর আন্তর্জাতিক বিশ্বকাপ যাত্রা শুরু হয়। সেই আসরের ২৩ জনের দলে থাকা খেলোয়াড়দের মধ্যে মাত্র দুই জন এবার ২৬ জনের স্কোয়াডে আছেন, তাঁদের একজন সন।

দেশে অনুষ্ঠিত ২০০২ বিশ্বকাপে সেমি-ফাইনালে পৌঁছেছিল দক্ষিণ কোরিয়া, যা এখন পর্যন্ত তাদের সেরা সাফল্য। সেই দলের অধিনায়ক ছিলেন বর্তমান কোচ হং মিয়ং-বো। তাঁর পথ অনুসরণ করতে চান সন।

ফিফাকে দেওয়া সাক্ষাৎকারে সন বলেন,'আমাদের কোচ অবিশ্বাস্য কিছু অর্জন করেছেন এবং ২০০২ বিশ্বকাপ দলের অধিনায়ক হিসেবে সব খেলোয়াড়কে নেতৃত্ব দিয়ে এক চমৎকার যাত্রায় নিয়ে গিয়েছিলেন তিনি। আমার সতীর্থদের সঙ্গে এমন একটি যাত্রা করতে চাই আমি। আমার সবচেয়ে বড় স্বপ্ন হলো যুক্তরাষ্ট্রে সেই চমৎকার যাত্রার পুনরাবৃত্তি করা।'

লক্ষ্য পূরণ সহজ হবে না বলেও মনে করেন তিনি। এজন্য সবাইকে একসঙ্গে কাজ করার আহ্বান জানান সন।

তিনি বলেন,'আমি মনে করি না এটা শুধু দলের একার পক্ষে করা সম্ভব। সবাইকে সত্যিকার অর্থে এক হয়ে কাজ করতে হবে। কোরিয়ান মানুষের কথাগুলো খেলোয়াড়দের দারুণ শক্তি জোগায়। ওইরকম বড় সাফল্য অর্জন করতে হলে, প্রত্যেককে হৃদয়ে ও মনে একতাবদ্ধ থাকতে হবে। এটা আমার শেষ বিশ্বকাপ হতে পারে। চমৎকার একটি যাত্রার আশা করছি।'

ভক্তদের উদ্দেশে সন আরও বলেন,'ভক্তদের বলতে চাই এবং অনুরোধও করতে চাই: তারা যদি আমাদের মনেপ্রাণে সমর্থন করে যায় এবং উৎসাহ দিয়ে সবসময় আমাদের পাশে থাকে, তাহলে আমি খেলোয়াড়দের সামনে থেকে নেতৃত্ব দেব এবং আমরা নির্ভয়ে বিশ্বকাপের মুখোমুখি হব।'

আগামী ১১ জুন চেক প্রজাতন্ত্রের বিপক্ষে ম্যাচ দিয়ে দক্ষিণ কোরিয়ার বিশ্বকাপ অভিযান শুরু হবে। 'এ' গ্রুপে তাদের অন্য দুই প্রতিপক্ষ মেক্সিকো ও দক্ষিণ আফ্রিকা।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR